# Times Today BD

---

ডেস্ক রিপোর্ট | অর্থনীতি | 24 June, 2025

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় মোট ৮ হাজার ৯৭৪ কোটি ২৮ লাখ টাকা ব্যয়ে ১৭টি উন্নয়ন প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে।মঙ্গলবার (২৪ জুন) শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ বৈঠকে সভাপতিত্ব করেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

পরিকল্পনা কমিশনের তথ্য অনুযায়ী, এসব প্রকল্পের অর্থায়নে:

- সরকারি তহবিল: ৩ হাজার ১৮০ কোটি ৩৪ লাখ টাকা,
- প্রকল্প ঋণ: ৫ হাজার ৫৬৩ কোটি ৪৩ লাখ টাকা,
- সংস্থার নিজস্ব অর্থায়ন: ২৩০ কোটি ৫১ লাখ টাকা।

এছাড়া পরিকল্পনা উপদেষ্টার নিজস্ব ক্ষমতাবলে পূর্বে অনুমোদিত আরও ১৫টি প্রকল্প সম্পর্কে একনেক সদস্যদের অবহিত করা হয়।

বৈঠকে উপস্থিত:

পরিকল্পনা উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ, আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল, পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন, স্বরাষ্ট্র উপদেষ্টা মো. জাহাঙ্গীর আলম চৌধুরী, গণপূর্ত উপদেষ্টা আদিলুর রহমান খান, ভূমি উপদেষ্টা আলী ইমাম মজুমদার, জ্বালানি উপদেষ্টা ফাওজুল কবির খান, পরিবেশ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান এবং প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ফয়েজ আহমদ তৈয়্যবসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।

---

অনুমোদিত উল্লেখযোগ্য প্রকল্পসমূহ:

☐ স্থানীয় সরকার মন্ত্রণালয়

- উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ (২য় পর্যায়, ২য় সংশোধিত)

- বাস্তুচ্যুত রোহিঙ্গা ও স্থানীয় জনগণের সমন্বিত উন্নয়ন প্রকল্প

☐ স্বরাষ্ট্র মন্ত্রণালয়

- ৭ বিভাগীয় শহরে ২০০ শয্যার মাদকাশক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র নির্মাণ

☐ নৌপরিবহন মন্ত্রণালয়

- ৪টি মেরিন একাডেমিতে সিমুলেটর ও অন্যান্য সুবিধা স্থাপন

☐ আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

- নারীর ন্যায়বিচার নিশ্চিতকরণ ও কেস ম্যানেজমেন্ট উন্নয়ন প্রকল্প

☐ ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়

- তৃতীয় সাবমেরিন ক্যাবল স্থাপন (২য় সংশোধিত)

☐ শিল্প মন্ত্রণালয়

- সার সংরক্ষণের জন্য ১৩টি বাফার গোডাউন নির্মাণ (৩য় সংশোধিত)

☐ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

- কিশোর-কিশোরী ক্লাব স্থাপন (১ম সংশোধিত)

- নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সমন্বিত সেবা ও কুইক রেসপন্স টিম

☐ শিক্ষা মন্ত্রণালয়

- টিটিএফ প্রোগ্রাম (টিভিইটি শিক্ষকদের উন্নয়ন)

☐ সংস্কৃতি মন্ত্রণালয়

- দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি (৩য় সংশোধিত)

☐ পরিকল্পনা মন্ত্রণালয়

- উন্নয়ন বাজেট ব্যবস্থাপনায় নতুন ডিজিটাল ডেটাবেজ
- পাবলিক ইনভেস্টমেন্ট ও প্রকিউরমেন্ট ব্যবস্থার আধুনিকায়ন
- পরিসংখ্যান সক্ষমতা উন্নয়ন প্রকল্প

☐ অর্থ মন্ত্রণালয়

- ডিজিটাল অডিট ব্যবস্থার উন্নয়ন (এসপিএডিটিইসি)
- অভ্যন্তরীণ রাজস্ব আদায় শক্তিশালীকরণ প্রকল্প (এসডিআরএমপি)

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। জাতীয় অর্থনৈতি প্রকল্প অনুমোদন

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 14:37

URL: https://timestodaybd.com/economy/3634775807